অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

মাইলফলকস্বরূপ জন আর. লুইস ভোটিং রাইটস অ্যাক্ট অব নিউ ইয়র্ক স্বাক্ষর করে গভর্নর হোকল এটিকে আইনে পরিণত করেছেন

S.1046-E/A.6678-E আইনটি দেশের মধ্যে সবচেয়ে বেশি সম্প্রসারণশীল স্টেট পর্যায়ের ভোটাধিকার আইন প্রতিষ্ঠা করছে

ভোটারদের বিক্ষিপ্ত করে দেওয়া, দমন করা, ভীতি প্রদর্শন, প্রতারণা করা, অথবা ভোটারদের জন্য প্রতিবন্ধকতা তৈরি নিষিদ্ধ করার মাধ্যমে ভোটের অ্যাক্সেস সম্প্রসারণ করে

নির্বাচনের গুরুত্বপূর্ণ নীতিমালা ও প্রচলনগুলোর পরিবর্তনের জন্য নাগরিক বা ভোটাধিকার লঙ্ঘনের ইতিহাস রয়েছে এমন আইনি অধিক্ষেত্রগুলোর জন্য আগে থেকে ক্লিয়ারেন্স চাওয়া আবশ্যক করেছে

গভর্নর ক্যাথি হোকল আজ ব্রুকলিনের মেডগার এভার্স কলেজে (Medgar Evers College) মাইলফলকস্বরূপ জন আর. লুইস ভোটিং রাইটস অ্যাক্ট অব নিউ ইয়র্ক (S.1046-E/A.6678-E) স্বাক্ষর করে এটিকে আইনে পরিণত করেছেন, যা ভোটাধিকার বিষয়ে দেশের মধ্যে নিউ ইয়র্ক স্টেটের নেতৃস্থানীয় অবস্থান সুদৃঢ় করেছে এবং গভর্নরের 2022 সালের স্টেট অব দ্য স্টেট এজেন্ডার একটি গুরুত্বপূর্ণ অংশ পূরণ করছে। গভর্নর সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, স্টেট সিনেটর জেলনর মাইরি, অ্যাসেম্বলি সদস্য ল্যাট্রিস ওয়াকার, NAACP নিউ ইয়র্ক স্টেট কনফারেন্স (NAACP New York State Conference)-এর প্রেসিডেন্ট ড. হ্যাজেল এন. ডিউকস এবং ভোটাধিকার সমর্থনকারী গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সঙ্গে নিয়ে এই বিলে স্বাক্ষর করেছেন।

"আমাদের গণতন্ত্রের ভিত্তি যখন হুমকির সম্মুখীন হচ্ছে এমন এক সময়ে, ভোট প্রদানের মৌলিক অধিকার সুরক্ষিত রাখতে নতুন আইন প্রণয়ন করার মাধ্যমে নিউ ইয়র্ক দেশের নেতৃত্ব দিচ্ছে," **বলেছেন গভর্নর হোকল।** "আজ আমাদের ভোটারদের ভোটাধিকার প্রদান করতে এবং আমাদের গণতন্ত্রে লোকজনের কণ্ঠস্বর শোনা হচ্ছে সে বিষয়টি নিশ্চিত করতে আমাদের আইনগুলোতে অর্থপূর্ণ পরিবর্তন নিয়ে আসার মধ্য দিয়ে আমরা প্রয়াত কংগ্রেসম্যান জন লুইস এবং মেডগার এভার্স এর মতো আন্দোলনকর্মীদের কাজের প্রতি সম্মান জানাচ্ছি। ফেডারেল সরকার যেখানে পদক্ষেপ গ্রহণ করতে ব্যর্থ হয়েছে, সেখানে নিউ ইয়র্ক পদক্ষেপ গ্রহণ করে

নেতৃত্ব দেওয়া অব্যাহত রাখবে: গর্ভপাত সেবার সুরক্ষার ক্ষেত্রে আমরা এটা করেছি, আগ্নেয়াস্ত্র নিরাপত্তা আইন সংস্কারের ক্ষেত্রে আমরা এটা করেছি, এবং আমি অত্যন্ত গর্বের সঙ্গে বলতে চাই যে ভোটাধিকারের ক্ষেত্রে আমরা আবার এটি করতে যাচ্ছি।"

"দেশের সবচেয়ে গ্রামীণ অঞ্চলগুলোর মধ্যে একটিতে, একজন কৃষ্ণাঙ্গ হিসেবে প্রায় 90 শতাংশ শ্বেতাঙ্গ বাসিন্দা রয়েছে এমন একটি ডিস্ট্রিক্টের জন্য কংগ্রেসে প্রতিনিধিত্ব করা, এবং কংগ্রেসে আপস্টেট নিউ ইয়র্কের প্রতিনিধিত্বকারী প্রথম কৃষ্ণাঙ্গ হিসেবে, আমার অভিজ্ঞতা এটাই বলে যে ভোটের মাধ্যমে এমন পরিবর্তন ঘটতে পারে যা হয়তো একসময় সাধ্যের বাইরে বলে মনে হয়," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "নিউ ইয়র্ক স্টেটের ভোটার আইন সংশোধন করার মাধ্যমে, আমরা লোকজনের জন্য তাদের গাত্রবর্ণ বা বসবাসের স্থান নির্বিশেষে, ভোট কেন্দ্রগুলোতে তাদের মতামত জানান দেওয়ার সমান সুযোগ প্রদান করছি।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "জন আর. লুইস ভোটিং রাইটস অ্যাক্ট অব নিউ ইয়র্ক ভোটার সুরক্ষা সম্প্রসারণ ও বিধিবদ্ধ করবে, ব্যালট বক্সে নাগরিকদের ক্ষমতায়ন করবে, এবং নির্বাচিত কর্মকর্তাদের মধ্যে জবাবদিহিতার প্রসার ঘটাবে। আমি গর্বিত যে দেশব্যাপী রিপাবলিকানদের দ্বারা গণতন্ত্র-বিরোধী অবস্থা ফিরিয়ে আনার প্রচেষ্টা সত্ত্বেও নিউ ইয়র্ক ভোটাধিকার রক্ষার জন্য একটি সত্যিকারের দূর্গ প্রাচীর হিসেবে অবস্থান নিয়েছে।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিয়েস্টি বলেন, "দেশব্যাপী ভোটাধিকার এখন আক্রমণের সম্মুখীন এবং নিউ ইয়র্ককে অবশ্যই এই পবিত্র সাংবিধানিক অধিকারের সুরক্ষা করতে হবে। অন্যান্য স্টেট যখন ভোটারদের ভোটাধিকার হরণ করা ও ভোট বিক্ষিপ্ত করতে কাজ করছে, এমন সময়ে দেশের মধ্যে সবচেয়ে শক্তিশালী ভোটাধিকার সুরক্ষার আইন পাশ করার জন্য তাদের অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি নির্বাচন কমিটির সভাপতি ল্যাট্রিস ওয়াকার, আমাদের অ্যাসেম্বলি ও সিনেটের সহকর্মীবৃন্দ, এবং গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

S.1046-E/A.6678-E আইনটি পোল অ্যাক্সেস করার প্রতিবন্ধকতাগুলো অপসারণ নিশ্চিত করার মাধ্যমে সব উপযুক্ত ভোটারকে ভোট প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে উৎসাহিত করবে। বিশেষ করে, জাতিগত, নৃতাত্ত্বিক, ও ভাষাগত সংখ্যালঘু গোষ্ঠীগুলো এখন এই নতুন পদক্ষেপগুলোর দ্বারা সুরক্ষিত থাকবে যা নিউ ইয়র্ক স্টেটে তাদের ভোটদানের সমান সুযোগ পাওয়ার বিষয়টি নিশ্চিত করবে। এই আইনটি নিম্নলিখিত বিষয়গুলো মোকাবেলা করার মাধ্যমে এটি অর্জন করবে:

- **ভোটারদের বিক্ষিপ্ত করে দেওয়া** কোনো সংরক্ষিত শ্রেণির ভোটের শক্তি দূর করে দেয় এমন নির্বাচন পদ্ধতি নিষিদ্ধ করছে এবং লঙ্ঘনের ক্ষেত্রে আইনি সুরক্ষা প্রতিষ্ঠা করছে।
- **ভোটার দমন।** নির্বাচন সংক্রান্ত আইন ও রীতিগুলো এমন উপায়ে বাস্তবায়ন করা নিষিদ্ধ করে যা কোনো সংরক্ষিত শ্রেণির সদস্যদের ভোটদানের অধিকার প্রত্যাখ্যান করে এবং লঙ্ঘনের ক্ষেত্রে আইনি সুরক্ষা প্রতিষ্ঠা করছে।

- **ভোটারদের ভীতি প্রদর্শন, প্রতারণা বা প্রতিবন্ধকতা তৈরি করা।** নিউ ইয়র্কবাসীদেরকে তাদের ভোটদানের অধিকার অ্যাক্সেস করাকে প্রভাবিত করে এমন ভীতি প্রদর্শনমূলক, প্রতারণামূলক, বা প্রতিবন্ধকতামূলক কাজকে নিষিদ্ধ করে এবং লঙ্ঘনের ক্ষেত্রে আইনি সুরক্ষা প্রতিষ্ঠা করছে।
- **ভাষা সংক্রান্ত সহায়তা সম্প্রসারণ করেছে** ফেডারেল ভোটাধিকার আইন অনুযায়ী আবশ্যক সীমার গণ্ডি ছাড়িয়ে নির্বাচন সংক্রান্ত ভাষা সহায়তা প্রদান আবশ্যক করেছে।
- **আগে থেকে ক্লিয়ারেন্স।** ফেডারেল ভোটাধিকার আইনের বর্তমানে নিষ্ক্রিয় থাকা "সেকশন 5 প্রি-ক্লিয়ারেন্স" এর সমতুল্য স্টেট বিধান প্রতিষ্ঠা করেছে, যেখানে আওতাভুক্ত আইনি অধিক্ষেত্রগুলোর জন্য নির্দিষ্ট কিছু গুরুত্বপূর্ণ নির্বাচন সম্পর্কিত আইন ও নীতিমালা বাস্তবায়ন করার আগে সেগুলোর যেকোনো পরিবর্তন সম্পর্কে "আগে থেকে ক্লিয়ারেন্স" সংগ্রহ করা আবশ্যক করেছে। এই নতুন আইনের অধীনে, কিছু নির্বাচনী পদক্ষেপ পরিবর্তন করতে চাওয়া আওতাভুক্ত আইনি অধিক্ষেত্রগুলোকে প্রথমে সে পরিবর্তনগুলো পর্যালোচনা করিয়ে নিতে হবে যাতে সেগুলো কোনো সংরক্ষিত শ্রেণির ভোটাধিকার লঙ্ঘন করবে না সে বিষয়টি নিশ্চিত করা যায়। আওতাভুক্ত আইনি অধিক্ষেত্রগুলো হলো যেগুলোর নাগরিক বা ভোটাধিকার লঙ্ঘনের ইতিহাস রয়েছে।

স্টেট সিনেটর জেলনর মাইরি বলেন, "দেশের যেকোনো স্টেটের চেয়ে সবচেয়ে শক্তিশালী ভোটার সুরক্ষা আইন প্রণয়ন করার মাধ্যমে নিউ ইয়র্ক একটি শক্তিশালী বার্তা প্রেরণ করছে: প্রত্যেক ভোটারই গুরুত্বপূর্ণ এবং প্রত্যেক ভোটই গুরুত্ব বহন করে। আজ VRA স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলের প্রতি এবং এই বিলটি সমাপ্তি পর্যন্ত নিয়ে যাওয়ার জন্য আমার অংশীদার অ্যাসেম্বলি সদস্য ল্যাট্রিস ওয়াকারের প্রতি কৃতজ্ঞ। আমাদের অবশ্যই সবসময়ের জন্য ভোটাধিকার সুরক্ষিত রাখা ও শক্তিশালী করা অব্যাহত রাখতে হবে: আমাদের গণতন্ত্র এটির উপর নির্ভরশীল।"

অ্যাসেম্বলি সদস্য ল্যাট্রিস ওয়াকার বলেন, "জন আর. লুইস ভোটিং রাইটস অ্যাক্ট অব নিউ ইয়র্ক সাম্প্রতিক ইতিহাসে আইন হিসেবে স্বাক্ষরিত হওয়া অন্যতম সর্বাধিক গুরুত্বপূর্ণ একটি বিল এবং এটি আমেরিকার যেকোনো স্টেটের মধ্যে সবচেয়ে শক্তিশালী ও সবেচেয়ে বিস্তৃত ভোটার সুরক্ষা প্রদান করবে। এটি আমাদের গণতন্ত্রের মূল ভিত্তি - ভোটদানের অধিকারকে বিধিবদ্ধ করবে। একই সময়ে, আমরা প্রয়াত রিপ্রেজেন্টেটিভ জন আর. লুইসের স্মৃতির প্রতি সম্মান জানাচ্ছি, যিনি একসময় বলেছিলেন, "ভোট অত্যন্ত দামী। এটি প্রায় পবিত্র একটি বিষয়। গণতন্ত্রে এটি আমাদের সবচেয়ে শক্তিশালী অহিংস হাতিয়ার।" নিরলসভাবে কাজ করে যাওয়া সব সমর্থনকারী, আমার সহকর্মীবৃন্দ, গভর্নর হোকল, এবং NAACP ও NYCLU-এর মতো সংস্থাগুলোকে ধন্যবাদ জানাই। অ্যাসেম্বলিতে এই বিলের পৃষ্ঠপোষক হিসেবে আমি অত্যন্ত গর্বিত।"

NAACP নিউ ইয়র্ক স্টেট কনফারেন্স-এর প্রেসিডেন্ট ড. হ্যাজেল এন. ডিউকস বলেন, "অনেক দীর্ঘ সময় ধরে আমাদের কমিউনিটিগুলো অবিচারের সম্মুখীন হয়ে আছে, কিন্তু

ভোটকেন্দ্রে দমনের শিকার হওয়ার ফলে সেগুলো পরিবর্তন করতে ভোট দিতে পারেনি। আজ, আরো একবার নিউ ইয়র্ক আমাদের অতীতের ভুলকে সংশোধন করার কাজে নেতৃত্ব দিচ্ছে এবং সবার কণ্ঠস্বর শোনানোর বিষয়টি নিশ্চিত করছে। স্টেটব্যাপী নিউ ইয়র্কবাসীদের জন্য ভোটার সুরক্ষা সম্প্রসারণ করার জন্য আমি এই ঐতিহাসিক আইনের পৃষ্ঠপোষক, অ্যাসেম্বলি সদস্য ল্যাট্রিস ওয়াকার ও সিনেটর জেলনর মাইরিকে সাধুবাদ জানাই। এই মাইলফলকস্বরূপ আইন প্রণয়নের জন্য একসঙ্গে কাজ করায় গভর্নর হোকল, লিডার অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, ও স্পিকার কার্ল হিয়েস্টিকে ধন্যবাদ।"

নিউ ইয়র্ক সিভিল লিবার্টিজ ইউনিয়ন (New York Civil Liberties Union)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ডনা লিবারম্যান বলেন, "ভোটাধিকারের উপর দেশব্যাপী চলমান আক্রমণ এবং ফেডারেল নেতৃত্বের তৎপরতার অভাবের এই সময়ে, নিউ ইয়র্ক দেশের অন্যতম সর্বাধিক শক্তিশালী ভোটাধিকার আইন প্রণয়ন করেছে। ঐতিহাসিক কাল থেকে রাজনৈতিক প্রক্রিয়ায় অংশগ্রহণ করার সমান সুযোগ থেকে বঞ্চিত হয়ে আসা কমিউনিটিগুলোর জন্য প্রতিবন্ধকতা, হস্তক্ষেপ, বা বৈষম্যের শিকার হওয়া ছাড়াই অর্থপূর্ণভাবে ভোট প্রদানের সুযোগ নিশ্চিত করার ক্ষেত্রে আজ গভর্নর হোকল একটি সুবিশাল পদক্ষেপ গ্রহণ করেছেন। জাতিগত পক্ষপাতিত্ব ও ভোটারদের ভীতি প্রদর্শনের শিকার হওয়ার অবস্থাকে চ্যালেঞ্জ করা থেকে শুরু করে ভাষা সংক্রান্ত সহায়তা ও ভোটকেন্দ্রে অ্যাক্সেস সম্প্রসারণ করা পর্যন্ত - জন আর. লুইস ভোটিং রাইটস অ্যাক্ট বাস্তবায়নের জন্য আমাদের কাজ করে যাওয়ার এই সময়ে আমাদের অবশ্যই এটির শক্তিশালী সুরক্ষা বিদ্যমান থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে। আইন প্রণেতাদের অবশ্যই আমাদের অগ্রগতিকে পিছিয়ে দেওয়ার যেকোনো প্রচেষ্টার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে এবং ভোটাধিকার রক্ষার জন্য লড়াই করতে হবে।"

সেন্টার ফর ল এন্ড সোশ্যাল জাস্টিস অ্যাট মেডগার এভার্স কলেজ (Center for Law and Social Justice at Medgar Evers College)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর লুরি ড্যানিয়েল ফেভার্স এস্ক. বলেন, "আজ মেডগার এভার্স কলেজে নিউ ইয়র্ক স্টেট জন আর. লুইস ভোটিং রাইটস অ্যাক্ট স্বাক্ষরিত হওয়া একটি ঐতিহাসিক ও স্মরণীয় উপলক্ষ্য ছিল যা ভোটাধিকার সুরক্ষিত রাখার ক্ষেত্রে নিউ ইয়র্ককে উদীয়মান নেতৃত্বের অবস্থানে প্রতিষ্ঠিত করেছে। দেশজুড়ে ভোটদানের অধিকার সুরক্ষা থেকে বঞ্চিত হওয়ার এই সময়ে এবং ভোটারদের সুরক্ষা কমিয়ে দেওয়ার সিদ্ধান্তের সঙ্গে সুপ্রিম কোর্টের একাত্মতা পোষণের ইচ্ছা প্রকাশ করার এই সময়ে, স্টেট ও স্থানীয় পর্যায়ের সংগঠক, আন্দোলনকর্মী ও নির্বাচিত কর্মকর্তাদের ভোটারদের সুরক্ষার জন্য কাজ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই আইনে আগে থেকে ক্লিয়ারেন্স গ্রহণের একটি বিধান অন্তর্ভুক্ত করা হয়েছে, এটি ভাষাগত সংখ্যালঘুদের জন্য সুরক্ষা সম্প্রসারণ করেছে, এবং একটি গণতন্ত্রের কামান অন্তর্ভুক্ত করেছে যা আইনটি যাতে ভোটারদের প্রয়োজনকে কেন্দ্র করে ব্যাখ্যা করা হয় সে বিষয়টি নিশ্চিত করবে। ভোটারদের কিভাবে সুরক্ষা প্রদান করতে হবে সে বিষয়ে নিউ ইয়র্ক এখন একটি মডেল নির্ধারণ করে দিয়েছে এবং দেশের বাকি অংশেরও এটি অনুসরণ করা উচিত।"

ল্যাটিনো জাস্টিস PRLDEF (LatinoJustice PRLDEF)-এর অ্যাসোসিয়েট কাউন্সেল ফালভিয়া ভারগাস ডি লিয়ন বলেন, "জন আর. লুইস ভোটিং রাইটস অ্যাক্ট অব নিউ ইয়র্ক স্বাক্ষর করে আইনে পরিণত করার বিষয়টি অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলোকে আমাদের গণতন্ত্রে

অংশগ্রহণ করাকে সীমিত করে দেওয়া বৈষম্যমূলক পদক্ষেপের সম্মুখীন হওয়া থেকে সুরক্ষিত রাখার ক্ষেত্রে আমাদের স্টেটকে অগ্রবর্তী ভূমিকা পালনের সুযোগ করে দিয়েছে। এই অধিকার বিতর্কিত বা রাজনৈতিক হওয়া উচিত নয়। ব্যালটের পুরোপুরি ও সমতাপূর্ণ অ্যাক্সেস পাওয়ার জন্য আমাদের লড়াই এখনো শেষ হয়নি, কিন্তু এই আইন আমাদের সব ভোটারদের প্রতিনিধিত্বকারী ও অন্তর্ভুক্তিমূলক একটি গণতন্ত্র অর্জনের দিকে আরো এক ধাপ এগিয়ে যাওয়ার মতো একটি শক্তিশালী হাতিয়ার প্রদান করছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন